

তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ সংক্রান্ত উপজেলা কমিটি সভার কার্যবিবরণী :

সভাপতি : আতিকুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
গোদাগাড়ী, রাজশাহী।
স্থান : উপজেলা পরিষদ মিলনয়তন
তারিখ : ২৮ ফেব্রুয়ারি ২০২৪, সময়: বেলা ১২.৩০ ঘটিকা

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-"ক" দ্রষ্টব্য)

উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী এবং তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ উপজেলা কমিটির সভাপতি, সভার প্রথমে সকল সদস্যকে জেভেছা জানান। অত:পর নিম্নোক্ত আলোচ্যসূচি সভার উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত হয়।

ক্রমিক	আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধি- বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ	তথ্য অধিকার আইন ২০০৯ এবং এ সংক্রান্ত বিধি বিধান সম্পর্কে সঠিকভাবে জানতে এবং জনসাধারণের মধ্যে এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি ও লক্ষ্যে সভা সমিতির মাধ্যমে ব্যাপক প্রচারনা নিশ্চিত করতে সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে অনুরোধ জানান। সভাপতি সভার সদস্যদের আরও অবহিত করেন যে, প্রতি মাসে অনেক ব্যক্তির নিকট হতে তথ্য প্রাপ্তির আবেদন পাওয়া যায় এবং সে সকল আবেদনের তথ্য প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইউনিয়ন পরিষদে মানুষ যেন সঠিকভাবে তথ্য পায়, সে ব্যাপারে খেয়াল রাখতে হবে।	কমিটির সকল সদস্য
০২	তথ্য অধিকার ও তথ্য প্রকাশকারী এবং আবেদনকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান	সভাপতি সভাকে অবহিত করেন যে, তথ্য অধিকার আইনের নির্ধারিত ফরমেটে কোন ব্যক্তি তথ্য প্রাপ্তির জন্য আবেদন করলে নির্দিষ্ট সময়ের মধ্যে যেন তাকে তথ্য প্রদান করা হয় এবং তথ্য প্রদান সম্ভব না হলে যেন আবেদনকারীকে অবহিত করা হয়, সে বিষয়ে সজাগ থাকতে সকলকে অনুরোধ জানানো হয়। এছাড়াও কোন ব্যক্তি মৌখিকভাবে তথ্য জানতে এলে তাকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়।	কমিটির সকল সদস্য
০৩.	উপজেলার আওতাধীন সকল কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ	সভাপতি উপজেলা সমন্বয় সভার মাধ্যমে সকল পর্যায়ের কর্মকর্তাদেরকে তাদের নিজ নিজ দপ্তরে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ নিশ্চিত করতে এবং তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। কোন কর্মকর্তার প্রশিক্ষণ না থাকলে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ গ্রহণের জন্যও অনুরোধ জানানো হয়।	কমিটির সকল সদস্য
০৪.	উপজেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয়	সভাপতি উপজেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের জন্য সরকারি বেসরকারি দপ্তরের মধ্যে সমন্বয় রেখে কাজ করার আহ্বান জানানো। রাষ্ট্রের গোপন তথ্য যেন কোন সংস্থার কাছে না যায় সে ব্যাপারে সকলকে সজাগ থাকতে বলা হলো।	উপজেলা পর্যায়ের সকল দপ্তর
০৫.	তথ্য অধিকার সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়ন তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান	তথ্য অধিকার সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য সকল সদস্যকে অনুরোধ করা হলো। সভাপতি সভাকে অবহিত করেন, গোদাগাড়ী উপজেলায় আগত সকল আবেদনের তথ্য সঠিক সময়ে প্রদান করা হয়ে থাকে। কোন তথ্য প্রদান সম্ভব না হলে তা আবেদনকারীকে যথা সময়ে অবহিত করা হয় এবং সংশ্লিষ্ট কোন দপ্তর হতে পাওয়া সম্ভব সে বিষয়েও অবহিত করা হয়ে থাকে। এর ধারাবাহিকতা রক্ষা করতে হবে।	কমিটির সকল সদস্য
০৬.	নারীর তথ্য অধিকার নিশ্চিত করলে উপজেলা পর্যায়ে যথাযথ কার্যক্রম গ্রহণ	তথ্য অধিকার নিশ্চিত করণের লক্ষ্যে উপজেলা প্রশাসন, গোদাগাড়ী, রাজশাহী সব সময় তৎপর রয়েছে। নারীরা যেন সহজে তথ্য পেতে পারে সে জন্য সেবা গ্রহীতা বান্ধব ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সভার সিদ্ধান্ত গৃহীত হয়।	কমিটির সকল সদস্য
০৭.	তথ্য অধিকার আইন বাস্তবায়নে অনলাইন প্রশিক্ষণ	গোদাগাড়ী উপজেলার সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রশিক্ষণ না হয়ে থাকলে তা এ কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়।	কমিটির সকল সদস্য

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(আতিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি


তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটি
গোদাগাড়ী, রাজশাহী

স্মারক নং-০৫.৪৩.৮১.৩৪.০০০.০৮.০০৬.২৪- ২৬০

তারিখ: ১৬ ফেব্রুয়ারি ১৪৩০
২৯ ফেব্রুয়ারি ২০২৪

সদয় জ্ঞাতার্থে অনুলিপি :

- ০১। জেলা প্রশাসক, রাজশাহী।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।
- ০৩। উপজেলা অফিসার ও সদস্য, তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটি, গোদাগাড়ী, রাজশাহী।
- ০৩। জনাব,গোদাগাড়ী, রাজশাহী।



(আতিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
গোদাগাড়ী, রাজশাহী